

21 000 85 190 821

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
গবেষণা ও বৃত্তি শাখা  
www.ictd.gov.bd

জেলা প্রশাসকের কার্যালয় শিলেট	
তারিখ: ২০/৮/১৯	
ডিডিএলজি	বাজাইপুর্ক
এটিসি (জেনারেল)	
ই-ই (রেজিস্টার)	
ই-ই (সিস্টেম)	
তারিখ: ১৩ আষাঢ় ১৪২৬	
তারিখ: ২৮ জুলাই ২০১৯	

নম্বর: ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬-৩৬৩

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী প্রতি বছরের ন্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান করা হবে।

০২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের বিজ্ঞপ্তি তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) পাতা।

(মোহাম্মদ আবুল খায়ের)  
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০ (অফিস)

✉ mkhayer@ictd.gov.bd

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, .....
৩. সচিব, .....
৪. বিভাগীয় কমিশনার, ..... (সকল)।
৫. জেলা প্রশাসক, ..... (সকল)।

নম্বর: ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬-৩৬৩

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৬  
২৮ জুলাই ২০১৯

অনুলিপি:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

(মোহাম্মদ আবুল খায়ের)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
গবেষণা ও বৃত্তি শাখা  
www.ictd.gov.bd

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬.৯৪/৩৬১

তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৬  
২৮ জুলাই ২০১৯

## বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৯-২০ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


০২। আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
১ম	০৫ সেপ্টেম্বর, ২০১৯	সেপ্টেম্বর, ২০১৯	অফিস চলাকালীন সময় পর্যন্ত
২য়	০৫ ডিসেম্বর, ২০১৯	ডিসেম্বর, ২০১৯	
৩য়	০৫ মার্চ, ২০২০	মার্চ, ২০২০	

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক [ims.ictd.gov.bd](http://ims.ictd.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

  
(মোহাম্মদ আবুল খায়ের)  
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০

✉ [mkhayer@ictd.gov.bd](mailto:mkhayer@ictd.gov.bd)